

জেলা সমবায় কার্যালয়, ঢাকা হতে যে সকল নাগরিক সেবা প্রদান করা হয়

১.১ প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন :

প্রাপ্ত বয়স্ক কমপক্ষে ২০(বিশ) জন ব্যক্তির আবেদন, সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী মেট্রোঃ থানা/উপজেলা সমবায় অফিসে দাখিল করতে হয়। মেট্রোঃ থানা/উপজেলা সমবায় অফিসার যাচাই শেষে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি আবেদনকারীর রেকর্ডপত্র সুপারিশসহ জেলা সমবায় অফিসার বরাবরে প্রেরণ করেন। জেলা সমবায় অফিসারের কোন অপত্তি না থাকলে ৬০(ষাট) দিনের মধ্যে নিবন্ধন প্রদান করে নিবন্ধন সনদ ইস্যু করেন। আলোচ্য কার্যক্রম অন-লাইন এবং ম্যানুয়াল উভয় পদ্ধতিতে করা যায়। অন-লাইনে নিবন্ধনের জন্য ওয়েব ঠিকানা- www.coop.gov.bd

১.২ উপ-আইন সংশোধন :

উপ-আইন সংশোধনের জন্য উপজেলা সমবায় অফিসার যাচাই পূর্বক পরিদর্শন মন্তব্যসহ রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অগ্রগামী করেন। জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান করে মেট্রোঃ থানা/উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।

১.৩ প্রশিক্ষণ প্রদান :

নিবন্ধিত সমবায় সমিতির আয়-ব্যয় এর হিসাব সংরক্ষণ, আয় বর্ধন মূলক কর্মকান্ড পরিচালনা ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই, পশুপালন, মৎস্য চাষ ইত্যাদি বিষয়ে সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণ বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা এবং নরসিংদি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটে প্রদান করা হয়।

১.৪ বার্ষিক বাজেট অনুমোদন :

প্রাথমিক সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভায় প্রস্তাবিত বাজেট অনুমোদনের পর ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক উহা মেট্রোঃ থানা/উপজেলা সমবায় অফিসার বরাবর দাখিল করা হয়। মেট্রোঃ থানা/উপজেলা সমবায় অফিসার যাচাই বাছাই করে তাঁর মন্তব্যসহ জেলা সমবায় অফিসে প্রেরণ করেন। প্রস্তাবিত বাজেট যাচাই বাছাই করে, মেট্রোঃ থানা/উপজেলা সমবায় অফিসারের মন্তব্য অনুযায়ী জেলা সমবায় অফিসার প্রস্তাবিত বাজেটের যৌক্তিকতা তুলে ধরে বাজেট অনুমোদন করেন।

১.৫ সমবায় সমিতির বার্ষিক অডিট :

প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ ৫০,০০০.০০ টাকার উর্ধ্বে হলে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার এবং যে সকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধন ৫০,০০০.০০ টাকার কম সেক্ষেত্রে সংশ্লিষ্ট মেট্রোঃ থানা/উপজেলা সমবায় অফিসার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের নামে অডিট বরাদ্দ প্রদান করেন। বরাদ্দ প্রাপ্ত বা নিয়োগকৃত অডিট অফিসার অডিট সম্পাদনের কমপক্ষে ১৫ দিন পূর্বে সংশ্লিষ্ট সমবায় সমিতির অডিট কার্যক্রম সমিতির নিজস্ব অফিসে আরম্ভ করা হবে মর্মে নোটিশ জারী করে নির্ধারিত তারিখে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে অডিট প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট সমবায় অফিসে এবং সমিতির অফিসে প্রেরণ করেন।

১.৬ নির্বাচন কমিটি নিয়োগের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন :

নিবন্ধন কালীন সময়ে নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি ব্যতিরেকে সকল সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর। ফলে মেয়াদ পূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করা হয়।

১.৭ অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন :

সমবায় সমিতি আইন অনুযায়ী প্রতিটি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর। ফলে মেয়াদ পূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু নিয়মিত বা নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তাঁর মেয়াদ কালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান না করতে পারার কারণে সংশ্লিষ্ট সমবায় সমিতির ব্যবস্থাপনা নির্বাহ এবং নির্বাচন অনুষ্ঠানের লক্ষে ১২০ দিন মেয়াদে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি জেলা সমবায় অফিসার কর্তৃক নিয়োগ প্রদান করা হয়। গঠিত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি তাঁদের মেয়াদ কালের মধ্যে নির্বাচনের মাধ্যমে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করেন।

১.৮ বিরোধ নিষ্পত্তি :

প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনসহ যে কোন উদ্ভূত বিরোধের বিষয়ে সংশ্লিষ্ট সদস্য/সংশ্লিষ্ট ব্যক্তি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বিরোধ মামলা জেলা সমবায় অফিসার বরাবরে দায়ের করতে পারেন। জেলা সমবায় অফিসার স্বয়ং অথবা তাঁর কর্তৃক নিযুক্ত সালীশকারী উভয় পক্ষের শুনানী গ্রহণ করে তাঁর মতে বিবেচনা প্রসূত রায় প্রদান করেন। অথবা প্রদত্ত রায়ে সংশ্লিষ্ট ব্যক্তি বা পক্ষ প্রদত্ত রায়ের বিরুদ্ধে নির্ধারিত সময়ের মধ্যে উপ-নিবন্ধক (বিচার) বরাবরে আপীল আবেদন দাখিল করতে পারেন।

১.৯ সমিতির কার্যক্রম তদন্ত :

সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৪৯ ধারা অনুযায়ী কোন সমবায় সমিতিতে অর্থ সরবরাহকারী সংস্থার আবেদন, সমিতির ১০% সদস্যের আবেদন, ব্যবস্থাপনা কমিটির এক-তৃতীয়াংশ সদস্যের আবেদন, নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে যদি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হয় অথবা মাঠ পর্যায়ের কর্মকর্তা যদি তদন্তের সুপারিশ করে সেক্ষেত্রে জেলা সমবায় অফিসার সমিতির কার্যক্রম তদন্তের নির্দেশ দিতে পারেন অথবা স্বয়ং তদন্ত করতে পারেন।

১.১০ অবসান :

সমবায় সমিতির নিরীক্ষা, ৪৯ ধার অনুযায়ী তদন্ত, অথবা এই আইন, বিধিমালা বা উপ-আইনে উল্লিখিত নিবন্ধন সংক্রান্ত কোন শর্ত ভঙ্গ করা হয় তবে জেলা সমবায় অফিসার সংশ্লিষ্ট সমবায় সমিতিটি অবসায়নে ন্যাস্ত করতে পারেন।